



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

দ্বিতীয় পত্র



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২০১৬.৮৮

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে সততা ও নৈতিকতার চর্চা বৃদ্ধি এবং দুর্নীতি বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৬.১১.২০১৯ খ্রি. অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন কর্তৃক কার্যকরভাবে দুর্নীতি প্রতিরোধে গৃহিত নানাবিধ জনসচেতনামূলক কর্মসূচি বাস্তবায়নে মাঠপর্যায়ের শিক্ষা সংশ্লিষ্ট সকলের প্রত্যক্ষ সম্পৃক্ততা আমাদেরকে উৎসাহিত করেছে। এ সকল কার্যক্রম যথা: 'সততা সংঘ', সততা স্টোর, বিতর্ক, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান, দৈনিক সমাবেশে দুদকের শপথ বাক্য পাঠ, শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা চর্চা বৃদ্ধিসহ সফল বাস্তবায়নে অধিকতর আন্তরিক ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। একইসাথে সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহ জরুরী ভিত্তিতে আন্তরিকতার সহিত বাস্তবায়নপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নিয়মিত অবহিত করতে হবে।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

সংযুক্তি : বর্ণনামতে।

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২০১৬.৮৮

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা (সকল)।
৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৫. সংরক্ষণ নথি।

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সরকারি মাধ্যমিক-১)
৩. মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
ফোন: ৯৫৬১২৫৪
email. addshesecondary1@gmail.com

০৪.০২.২০২০